

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/১০৫

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ডিবিএ এর নেতৃত্বে শীর্ষ ২০টি ব্রোকারেজ হাউসসমূহের প্রতিনিধিদের সাথে বিএসইসি'র বৈঠক।

অদ্য ২২ এপ্রিল ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সাথে পুঁজিবাজারের ডিবিএ এর নেতৃত্বে শীর্ষ ২০টি ব্রোকারেজ হাউসসমূহের প্রতিনিধিদের বৈঠক অনুষ্ঠিত হয়। বেলা ৩:০০ ঘটিকায় রাজধানীর আগারগাঁওস্থ বিএসইসি ভবনে বিএসইসি এর কর্মকর্তাবৃন্দ এবং শীর্ষ ব্রোকারেজ হাউসসমূহের প্রতিনিধিদের অংশগ্রহণে বৈঠকটি শুরু হয়। অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। এছাড়াও বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার জনাব মোঃ আলী আকবর ও কমিশনার জনাব জনাব ফারজানা লালারুখ বৈঠকে উপস্থিত ছিলেন। উক্ত বৈঠকে দেশের পুঁজিবাজারের বর্তমান অবস্থা ও চ্যালেঞ্জসমূহসহ নেগেটিভ ইকুইটি'র বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সঠিক পরিকল্পনার মাধ্যমে নেগেটিভ ইকুইটি'র কার্যকর সমাধান বাস্তবায়নের কথা বলেন। তিনি সকল সংশ্লিষ্ট পক্ষ ও অংশীজনরা মিলে সমন্বিত উদ্যোগের মাধ্যমে সমস্যা সমাধানের উপর জোর দেন। নেগেটিভ ইকুইটি-কে 'ক্যাম্পার' বলে উল্লেখ করে যত দূত সম্ভব এর সমাধান করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।

বৈঠকের আলোচনায় ব্রোকারেজ হাউসসমূহের শীর্ষ কর্মকর্তাবৃন্দ পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারে বিএসইসিকে প্রয়োজনীয় পদক্ষেপ ও কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। সাম্প্রতিক সময়ে বাজারের অবস্থা ও বাজার পরিস্থিতিসহ দেশের পুঁজিবাজারে চ্যালেঞ্জ ও সম্ভাবনাসমূহ এবং পুঁজিবাজারে বিনিয়োগের বিভিন্ন দিক এসময় আলোচনায় উঠে আসে। বাজারের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন তারা। পুঁজিবাজারের উন্নয়নের জন্য নেগেটিভ ইকুইটি'র সমস্যার স্থায়ী সমাধান প্রয়োজন বলে মতামত দেন তারা। উপস্থিত ব্রোকারেজ হাউসসমূহের প্রতিনিধিবৃন্দ দেশের পুঁজিবাজারের সমস্যাগুলোর সমাধানে নিজেদের সর্বাঙ্গিক চেষ্টা ও সহযোগিতা থাকবে বলে আশ্বস্ত করেন। কমিশন এ ব্যাপারে ডিবিএ ও ব্রোকারেজ হাউসসমূহের প্রতিনিধিবৃন্দ এর প্রস্তাবনাসমূহ, বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, গুরুত্ব সহকারে বিবেচনা করবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

২২/০৪/২০২৫

